



গতকাল বগুড়া প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন রোটারী ক্লাব অব শ্যামলী ঢাকার প্রেসিডেন্ট রোটা: সাইফুদ্দিন আহমেদ করতোয়া

## কাল আরডিএ-তে হাউ টু থিভেন্ট হাট অ্যাটাক' শীর্ষক সেমিনার

**স্টাফ রিপোর্টার :** রোটারী ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক ৩২৮১ এর আয়োজনে 'হাউ টু থিভেন্ট হাট অ্যাটাক' শীর্ষক এক সেমিনার আগামিকাল সকাল ১০টায় বগুড়ার শেরপুরস্থ আরডিএ সেমিনার কক্ষে অনুষ্ঠিত হবে। এ সংক্রান্ত বিভিন্ন তথ্য জানিয়ে গতকাল বৃহস্পতিবার সকালে বগুড়া প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করা হয়েছে। রোটারী ক্লাব অব শ্যামলী ঢাকার প্রেসিডেন্ট সাইফুদ্দিন আহমেদ এ সংবাদ সম্মেলন করেন। হৃদরোগের সত্যিকার চিকিৎসা 'সাওল' সাইন্স এন্ড আর্ট অব লিভিং সম্পর্কে বিভিন্ন তথ্য উপস্থাপন করে বলা হয়, সাওল-যার অর্থ বিজ্ঞান ও জীবনযাপন পদ্ধতির সুন্দর বোঝাপড়া। মানুষ তার জীবন পদ্ধতিতে ছোট ছোট পরিবর্তন এনে হৃদরোগের সম্ভাবনাকে ধামাচটে এবং হৃদরোগ কমাতে পারে। চিকিৎসা গবেষণায় এখন এনজিওগ্রাফির মাধ্যমে প্রমাণিত হয়েছে, হৃদরোগ আধুনিক মেডিসিন-মেশিনের প্রয়োগ, আদর্শ জীবন পদ্ধতি, পরিকল্পিত খাদ্যাভ্যাস, ব্যায়াম, বিনা তেলের রান্না, মানসিক চাপ নিয়ন্ত্রণের ব্যবস্থাপনা, ধ্যান ও সাধারণ জ্ঞানের ভিত্তিতে কম করা যেতে পারে। এমনকি শেষ করাও যেতে পারে। আর এ পদ্ধতির নামই হলো 'সাওল'।

এ সংক্রান্ত এক লিখিত প্রতিবেদনে জানানো হয়, এলোপ্যাথিক চিকিৎসার কিছু ত্রুটি আছে। এতে জীবনের সেসব চাপের ব্যাপারে কোথাও উল্লেখ নেই যা আজকের যুগে হৃদরোগ ও হাট অ্যাটাকের প্রধান কারণ। এলোপ্যাথিক চিকিৎসা মানসিক চাপের মাত্রা ও গভীরতাকে মাপতে অসফল হয়েছে। শুধুমাত্র কিছু ঘুমের ট্যাবলেট ও অস্থিরতা

কম করার ওষুধ ছাড়া এলোপ্যাথিক চিকিৎসায় এ সমস্যার কোন সমাধান নেই। যদিও এ চিকিৎসা প্রণালি এটা জানে, মানুষের মস্তিষ্কই হচ্ছে এসব চাপের বাসস্থান। কিন্তু এ চিকিৎসা মেনে নিতে অসমর্থ যে, ধ্যান ও মনোচিকিৎসার মাধ্যমে মস্তিষ্ককে নিয়ন্ত্রণে আনা সম্ভব। এসময় উপস্থিত ছিলেন পিপি নুরুজ্জামান ভূইয়া, পিপি রেজাউল করিম ডল, সেক্রেটারি ডা. মনসুর রহমান, পিপি রেজাউল হাসান রানু, রোটারী ক্লাব অব মহাস্থান বগুড়ার প্রেসিডেন্ট মুন্সি তরিকুল ইসলাম ডলার, পিপি মাহফুজ আলম লিখন প্রমুখ।

### বগুড়া ওয়াইএমসিএ পাবলিক স্কুল এন্ড কলেজে নবীনবরণ

বগুড়া ওয়াইএমসিএ পাবলিক স্কুল এন্ড কলেজে গতকাল বৃহস্পতিবার প্রতিষ্ঠান প্রাপ্ত একাদশ শ্রেণির শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠান উপলক্ষে আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ রবার্ট রবিন মারাত্তীর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বগুড়া ওয়াইএমসিএ'র কার্য নির্বাহী পরিষদের সদস্য লিপি সরদার, মঞ্জু বিশ্বাস, সহকারী সাধারণ সম্পাদক হিউবার্ট রিমন মারাত্তী, শিক্ষা প্রতিষ্ঠানের উপাধ্যক্ষ কাজী নাজনিন জাহান, বগুড়া ওয়াইএমসিএ পলিটেকনিক ইন্সটিটিউটের উপাধ্যক্ষ আইএনএম মাহবুবুল ইসলামসহ শিক্ষক শিক্ষিকাবৃন্দ। আলোচনাসভা শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। খবর বিজ্ঞপ্তির।